



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



বিজ্ঞপ্তি নং-৯৪/২০২০

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৭
১৩ সেপ্টেম্বর ২০২০

সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড-এ 'সিনিয়র অফিসার(প্রকৌশল-মেকানিক্যাল)' পদে নিয়োগের উদ্দেশ্যে
প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় কর্তৃক প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৪০/২০২০, তারিখ : ২৫/০৩/২০২০ এবং উক্ত পদের আবেদনের তারিখ পুনর্নির্ধারিত হওয়ার কারণে বিজ্ঞপ্তি নং-৪৩/২০২০, তারিখ : ০২/০৬/২০২০ মোতাবেক সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড-এ 'সিনিয়র অফিসার(প্রকৌশল-মেকানিক্যাল)' এর ২০১৮ সাল ভিত্তিক ৭টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের ১ ঘণ্টাব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২৫/৯/২০২০ তারিখ (শুক্রবার) সকাল ১০:০০টা হতে ১১:০০টা পর্যন্ত বাংলাদেশ ব্যাংক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০(ত্রিশ)মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। উল্লেখ্য, প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) ইতোমধ্যে আপলোড করা হয়েছে। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস, প্রবেশপত্রের একাধিক কপি বা কোন অতিরিক্ত কাগজ নিয়ে প্রবেশ না করতে কঠোর নির্দেশনা দেয়া যাচ্ছে।

বিঃ দ্রঃ- মাস্ক পরিধান ব্যতিরেকে কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

স্বাক্ষরিত/=
(আরিফ হোসেন খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি